উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

# উপজেলা পরিষদ
# কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৩-৭৫১

তারিখঃ ২১.০৯.২০২৩ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি: রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

সভায় আলোচ্য সূচীঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। হাট-বাজার বিষয়ে আলোচনা।
০৫। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৬। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৭। বিবিধ আলোচনা।

21/09/23
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৩-৭৫১

তারিখঃ ২১.০৯.২০২৩ খ্রি.

বিতরণ কার্যার্থেঃ -

................................................... (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক,নেত্রকোণা।

21/09/23
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর সেপ্টেম্বর ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

সভার তারিখ ঃ ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় এডিপি ও উপজেলা পরিষদ তহবিল হতে পিআইসি ও টেন্ডারের প্রকল্প সমূহ দাখিলের জন্য সকল ইউপি সদস্যগণকে অনুরোধ করেন। ইতিমধ্যে ৭টি ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গিয়াছে এবং অবশিষ্ট প্রকল্পগুলো অক্টোবর মাসের মধ্যে দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে সাইডুলি নদীটি নওপাড়া ইউনিয়নের মাঝ দিয়ে প্রবাহিত হয়েছে। কাউরাট গ্রামের জন সাধারণের অধিকাংশ আবাদি জমি সাইডুলি নদীর পূর্ব পাশে। এলাকার একমাত্র গোগ বাজারটিও নদীর অপর পারে অবস্থিত। এলাকার কৃষিপণ্য বাজারজাত ও উৎপাদনের জন্য কাউরাট শিমুলতলী জামে মসজিদ হতে কোনাপাড়া জিপি এর (আইডি-৩৭২৪৭৫১৭৯) রাস্তার ৬০০.০০ মি: চেইনেজে সাইডুলি নদীর উপর ব্রীজ নির্মাণ করা দরকার। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | কাউরাট শিমুলতলী জামে মসজিদ হতে কোনাপাড়া জিপি এর (আইডি-৩৭২৪৭৫১৭৯) রাস্তায় ৬০০.০০ মি.চেইনেজে সাইডুলি নদীর উপর ব্রীজ নির্মাণের নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষের বরাবরে অনুমোদনের জন্য কার্যাবিবরণী প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি খরিফ-২ মৌসুমে ২০,৩১০ হেক্টর জমিতে রোপাআমন ধানের আবাদ হয়েছে। নিবিড় তত্ত্বধানের দরুণ মাঠে বালাই পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং কাজ চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিপ-২ মৌসুমে ব্রিধান ৭১, ব্রিধান ৭২, ব্রিধান-৮০, ব্রি ধান ৮৭, ব্রিধান ৯৪, ব্রিধান ৯৫, বিনা-১১, বিনা-১৭, ব্রি হাইব্রিড ধান ৬, আমন হাইব্রিড এ্যরাইজ ৭০০৬ সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে। বিভিন্ন প্রকল্পের আওতায় খরিফ-২ মৌসুমের প্রদর্শনীর উপকরণ বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে এবং প্রকল্পের সিআইজি কাজ স্বাভাবিকভাবে চলমান।<br>কৃষি প্রণোদনা কার্যাক্রম: ২০২৩-২৪ অর্থ বছরে খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় মাসকালাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে মাসকলাই বীজ ও সার বিতরণ করা হয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৩. | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণি সম্পদ দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উন্মুক্ত জলাশয়ে বিভিন্ন জায়গায় অবৈধভাবে বাঁধ দিয়ে মাছ ধরতেছে। কিছু অভিযোগ পাওয়া গিয়েছে। এগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করেন। অবৈধজালের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা সমাজসেবা কার্যালয় এর ২০২৩-২৪ অর্থবছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের অনলাইন আবেদন প্রক্রিয়া শেষ হয়েছে। বয়স্ক ভাতার আবেদন পড়েছে ২৪৫৭ বিধবা ভাতার আবেদন ২৬৮৬ প্রতিবন্ধী ভাতার আবেদন পড়েছে ১১৩৪। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যাচাই-বাছাই কার্যক্রম শুরু করতে হবে। এর জন্য প্রয়োজনীয় নির্দেশনা পেলে সভা করে জানানো হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ৬. | যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের ১৪টি ব্যাচে ৪২০ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের লক্ষমাত্রা। চলতি মাস পর্যন্ত ২টি ব্যাচে ৬০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আর চলতি মাস পর্যন্ত ১৩ জন যুবক/যবতীর মধ্যে ৭,৪০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যু[illegible] উন্নয়ন কর্মকর্তা |
| ৭. | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কেন্দুয়া সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পাশে বিএডিসির পরিত্যাক্ত ভবনে প্রতিদিন কিছু সংখ্যক উশৃঙ্খল ছেলে আড্ডা দেয়। তাদের শোরগোলের জন্য অনেক সময় অফিসের কাজ করার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হয়। তাছাড়া এখানে মাদক গ্রহণ, ধুমপানের মত কাজ গুলো হচ্ছে। এতে আমরা নিরাপত্তাহীনতায় ভুগছি। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া অধিদপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ১৬২৫ জন উপকারভোগীদের মাঝে জুন/২০২৩ খাদ্য বিতরণ করা হয়। বরাদ্দ প্রাপ্তির প্রেক্ষিতে উপকারভোগীদের মাঝে জুলাই আগস্ট সেপ্টেম্বর মাসে খাদ্য বিতরণ করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় পৌরসভা পর্যায়ে মাসিক ১৩ জন এবং ইউনিয়ন পর্যায়ে প্রতি ইউনিয়নে ৬ জন করে ভাতাভোগী নির্বাচন কাজ প্রক্রিয়াধীন। এছাড়া গত অর্থ বছরের নির্বাচিত ভাতাভোগীদের ভাতা বিতরণ কার্যাক্রম চলমান। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া |
| ৯. | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী সমিতি কেন্দুয়া সভায় জানান যে, আমাদের চাহিদার তুলনায় বিদ্যুৎ সরবরাহ কম থাকায় লোডশেডিং হচ্ছে। এই সমস্যা সমাধানে বিদ্যুৎ মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ প্রকল্প বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ করেন এবং নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিস্টেম স্থাপনের জন্য বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের পরিপত্র সম্পর্কে অবহিত করেন। তাছাড়া অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, কেন্দুয়া উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচীর তালিকা ভুক্ত মৃত ব্যক্তিদের তথ্য প্রদান করে মৃত ব্যক্তিদের স্থলে নতুন নাম অন্তর্ভুক্ত করনের জন্য আগামী ১৫.১০.২০২৩ ইং তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে। সেই প্রেক্ষিতে ইউনিয়ন চেয়ারম্যানগণ আগামী ১৫.১০.২০২৩ ইং তারিখে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে মৃত ব্যক্তিদের তালিকা দেওয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়া অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১. | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় বলেন যে, রোয়াইলবাড়ী ইউনিয়ন পরিষদের সচিব অনুপস্থিত থাকে। তাছাড়া ইউনিয়ন পরিষদ অফিসে বৃষ্টি হলেই পানি পড়ে। প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন এবং রোয়াইলবাড়ী ইউনিয়নে বঙ্গা বাজারে কায়েসের দোকান হতে আ: হামিদের দোকান পর্যন্ত পানি নিষ্কাশন ও রাস্তা সংস্কার প্রকল্পটি সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং উপজেলা হাট বাজার ১০% উন্নয়ন তহবিলের আয় হতে ব্যয় মেটানোর জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ১২ | চেয়ারম্যান, মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় বলেন যে, ১% টাকা কাজে লাগানোর জন্য অনুরোধ করেন এবং নিম্নোক্ত প্রকল্পগুলো সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>০১। কেন্দুয়া আঠারবাড়ী রাস্তা হইতে বাজারের পূর্ব পার্শ্বে মহিলা মাদ্রাসা পর্যন্ত রাস্তা সিসি করণ প্রকল্প।<br>০২। মাসকা বাজারের পূর্ব পাশে আলমের দোকান হতে মস্তুফার দোকান পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং উপজেলা হাট বাজারের ১০% উন্নয়ন তহবিলের আয় হতে প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ১৩ | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি সভায় বলেন যে. হাট বাজারের ১০% ও ১৫% উন্নয়ন তহবিলের অর্থ হতে নিম্নোক্ত প্রকল্পগুলো সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>০১.শিমুলতলী গরুর হাটে ড্রেন মেরামত প্রকল্প।<br>০২.ভূগুার বাজারে ড্রেন মেরামত প্রকল্প। | ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ১৫% উন্নয়ন তহবিলের আয় হতে দাখিলকৃত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | ম্যান, ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, চিরাং ইউনিয়ন পরিষদ ভবনটি সরকারি ১ খতিয়ানভুক্ত ভূমি ইউনিয়ন পরিষদকে বরাদ্দ দেওয়ার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান চিরাং ইউপি |
| ১৫. | চেয়ারম্যান, নওপাড়া ইউপি | চেয়ারম্যান নওপাড়া ইউপি সভায় বলেন যে, নওপাড়া বাজার ভেঙ্গে পেরিফেরি নকশা অনুযায়ী বাজার দেওয়ার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ১৬. | চেয়ারম্যান, গন্ডা ইউপি | চেয়ারম্যান, গন্ডা ইউপি সভায় বলেন যে, সাধার গরুর বাজার রাস্তা সিসি দ্বারা পাকাকরণ প্রকল্পটি সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | উপজেলা হাট বাজার ১০% উন্নয়ন তহবিলের আয় হতে ব্যয় মেটানোর জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ১৭. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | জনাব মোফাজ্জল হোসেন ভূঞা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তাকে বার বার বলার পরও সভায় অনুপস্থিত রয়েছেন। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা আলোচিত বিষয়ে লিখিতভাবে মতামত দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ১৮. | বিবিধ-১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নিম্নবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানি সরবরাহের জন্য ড্রেন করা এবং পাইপ ক্রয় বাবদ ২১,০৩৩/- টাকা চেক নং-৬২০৫২৭১ তারিখ: ২৯.০৮.২০২৩ মূলে জনাব শামীম, গাড়ীচালক, কেন্দুয়াকে প্রদান।<br>খ) উপজেলা পরিষদ পুকুরের পানি পরিষ্কারের জন্য চুন, ফিটকিরি ক্রয় বাবদ ৮,০৫৫/- টাকা চেক নং-৬২০৫২৭৪ তারিখ: ২৬.৭.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাঁটমুদ্রাক্ষরিককে প্রদান।<br>গ) উপজেলা পরিষদের ৩টি পানির ট্যাংকি পরিষ্কারের বিল বাবদ ১১,১৮৭/- টাকা চেক নং-৬২০৫২৭৭ তারিখ: ২৯.০৮.২০২৩ মূলে জনাব মনিরুল ইসলাম পিপুলক, অফিস সহায়ককে প্রদান।<br>ঘ) বুলবুলি ভবনের সামনের রাস্তা তৈরীর বিল বাবদ ১১,১৮৭/- টাকা চেক নং-৬২০৫২৮০ তারিখ: ২৯.০৮.২০২৩ মূলে জনাব গোলাম মোস্তফাকে প্রদান।<br>ঙ) শিবপুর খাল কেটে পানি নিষ্কাশনের ব্যবস্থা এবং খালের ২ পাশে ঝোপঝাড় পরিষ্কার বাবদ ১৭,৯০০/- টাকা চেক নং-৬২০৫২৮৩ তারিখ: ২৯.০৮.২০২৩ মূলে জনাব মনিরুল ইসলাম পিপুলক, অফিস সহায়ককে প্রদান।<br>চ) চিকিৎসার জন্য আর্থিক সাহায্য বাবদ ১০,০০০/- টাকা চেক নং-৬২০৫২৯২ তারিখ: ০৪.০৯.২০২৩ মূলে জনাব কাজল চন্দ্র বিশ্বশর্মা, পিতা-ভানু চন্দ্র বিশ্ব শর্মা, গ্রাম-নন্দিখিলাকে প্রদান।<br>ছ) কম্পিউটার সার্ভিসিং বাবদ ৪৪৭৫/- টাকা চেক নং-৬২০৫২৯৬ তারিখ:১১.৯.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাঁটমুদ্রাক্ষরিককে প্রদান।<br>জ) উপজেলা পরিষদের টিনসেড কোয়ার্টার মেরামত ও সংস্কার বাবদ ৬,৪৪৪/- টাকা চেক নং-৬২০৫৩০২ তারিখ: ১১.০৯.২০২৩ মূলে জনাব সাইকুল মিয়া, নিরাপত্তা প্রহরীকে প্রদান।<br>ঝ) কেন্দুয়া উপজেলায় ৪৪৪ জন জিপিএ ৫.০০ পাওয়া ছাত্র ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানের আনুষাঙ্গিক খরচ বাবদ ১,০৭,৩৯৮ টাকা চেক নং-৬২০৫৩০৫ তারিখ: ১১.০৯.২০২৩ মূলে জনাব নাজিম উদ্দিন, অফিস সুপারকে প্রদান।<br>ঞ) চিকিৎসার জন্য আর্থিক সহায়তা বাবদ ১০,০০০/- টাকা চেক নং-৬২০৫৩১১ মূলে জনাব নজরুল ইসলাম, মোয়াজ্জিন, উপজেলা পরিষদ জামে মসজিদকে প্রদান। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয়োত্তর অনুমোদিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | বিবিধ-২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরীণ টিনসেড ভবন ১ ও টিনসেড ভবন ২ এর মেরামত ও রংকরণ কাজটি সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের রক্ষণাবেক্ষণ তহবিল হতে ব্যয় মেটানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৭৬০
তারিখঃ ২৫ সেপ্টেম্বর২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।

(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৭৬০
তারিখঃ ২৫সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা।
৩। উপজেলা ........................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা